# মাননীয় জেলা সমবায় কর্মকর্তা'র বাণী-



মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ এর ৫০ বছর পূতির্তে এর সকর সদস্যবৃন্দকে জানাই আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন। মঠবাড়ী ধর্মপল্লীকে কেন্দ্র করে ১৯62 সালের ০২ জুন, ৩০ জন সদস্য নিয়ে যাত্রা শুরু করে আজ সমিতিটি গাজীপুর জেলায় সমবায়ের একটি প্রকৃষ্ট উদাহরণ হিসেবে প্রতিষ্ঠিত হতে পেরেছে। নিয়মিত সঞ্চয় ও মিতব্যয়িতার চর্চা ক্রেডিট ইউনিয়নের মূল কথা, আর এই মূল মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ তাদের পূঁজি ৩৯৮৭.৩০ টাকা হতে আজ ৩০.৪ কোটি (প্রায়) টাকা মূলধনের একটি সমিতিতে পরিনত হয়েছে।

শুধু সঞ্চয় ও ঋণদান নয় সমিতি গঠনের মাধ্যমে জীবনমানের উন্নয়ন ও সামাজিক দায়িত্ববোধ জাগ্রত করে সকলের অংশগ্রহনের মাধ্যমে এই সমিতিটি কালিগঞ্জ উপজেলায় একটি মডেল সংগঠনে পরিণত হয়েছে। এই ক্রেডিট ইউনিয়ন এ বর্তমানে ২০৬৬ জন সদস্যের মাঝে ৯৯১ জন মহিলা সদস্য রয়েছে যা সত্যিই প্রশংসার যোগ্য। সাধারন সদস্যদের মাঝে সমিতিটি গত জুন পর্যন্ত প্রায় ২৫ কোটি ১৮ লক্ষ টাকা ঋণ বিতরন করেছে এবং শিশুদের মাঝে ক্ষুদ্র সঞ্চয় চালু করার মাধ্যমে তাদেরকেও সঞ্চয়ী হতে শেখাচেছ।

সমিতির কার্যক্রম বিভিন্ন সময়ে সমবায় দপ্তর ও কাল্ব হতে প্রশংসিত হয়েছে, পেয়েছে স্বীকৃতিও। ২০১১ সালে কাল্বভূক্ত সমিতিগুলোর মধ্যে মূলধন গঠনে ভূমিকা রাখায় এবং উল্লেখযোগ্য পরিমান আমানত রাখায় উক্ত দুই ক্যাটাগরীতে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় অবস্থান অর্জন করেছে। ২০১০ সালে উপজেলা পর্যায়েও শ্রেষ্ঠ সমিতি হওয়ার গৌরব অর্জন করেছে মঠবাড়ী খ্রিস্টান কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন। এছাড়াও জাতীয় সমবায় পুরস্কার ২০১১ (ক্রেডিট ইউনিয়ন ক্যাটাগরীতে) এর জন্য গাজীপুর জেলা হতে মনোনীত হয়েছে। জেলা সমবায় কর্মকর্তা, গাজীপুর হিসেবে এই সমিতির সঙ্গে সম্পৃক্ত হতে পেরে আমি অত্যান্ত আনন্দিত এবং গর্বিত। সুবর্ণ জয়ন্তীর এই শুভক্ষণে এই ক্রেডিট ইউনিয়নের প্রতিষ্ঠাতাদের প্রতি জানাচ্ছি আন্তরিক শ্রদ্ধা এবং প্রতিটি ক্ষেত্রে এই সমিতির উত্তোরোত্তর সবৃদ্ধি কামনা করছি। সকল সদস্যকে আবারও অভিনন্দন।

**নূর মোহাম্মদ মামুন**
জেলা সমবায় কর্মকর্তা
গাজীপুর।